গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
দিনাজপুর
deo.dinajpur.gov.bd

স্মারক নং-জেশিঅ/দিনাজ/২০২৫/ ১০৬৪ তারিখ: ০৬.০৭.২০২৫

বিষয়: জুলাই গণঅভ্যুত্থান স্মরণে অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র : প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর মহোদয়ের স্মারক নং-জেপদি/চার-০৮/২০২৫-২০২৬/৫১১,তারিখঃ ০২/০৭/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত ছাত্র-জনতার গণঅভ্যুত্থান বাংলাদেশের গণতান্ত্রিক ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এর অংশ হিসেবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগ দেশের সকল জেলা পর্যায়ে তরুণদের অংশগ্রহণে একটি অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ নিয়েছে। এ প্রতিযোগিতার মাধ্যমে স্থানীয় বাস্তবতায় উপযোগী এবং বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী আইডিয়া আহ্বান করা হয়েছে, যার মধ্য দিয়ে তরুণ প্রজন্ম সরাসরি গণঅভ্যুত্থান স্মরণে সম্পৃক্ত হতে পারবে।

এমতাবস্থায় জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নে সংযুক্ত বিজ্ঞপ্তিটি আপনার উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ এবং আইডিয়া প্রতিযোগীতায় সকল শিক্ষা প্রতিষ্ঠানের (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারীগণ ০১-১০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে দিনাজপুর জেলা পরিষদ কার্যালয়ে সরাসরি বা ই-মেইলে (zpdinajpur@lged.gov.bd) আইডিয়া প্রস্তাব দাখিল করতে হবে।

সংযুক্তি:
১. নির্দেশনাবলী;
২. সভার রেজুলেশন;
৩. বিজ্ঞপ্তি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
(সকল), দিনাজপুর।

(খন্দকার মোঃ আলাউদ্দীন আল আজাদ)
জেলা শিক্ষা অফিসার
দিনাজপুর।

স্মারক নং-জেশিঅ/দিনাজ/২০২৫/ তারিখ: ০৬.০৭.২০২৫
অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-
১। জেলা প্রশাসক, দিনাজপুর;
২। প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব), জেলা পরিষদ, দিনাজপুর;
৩। সংরক্ষণ নথি।

(খন্দকার মোঃ আলাউদ্দীন আল আজাদ)
জেলা শিক্ষা অফিসার
দিনাজপুর।

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর-৪৬.০০.০০০০.০৩১.০১৮.০০৪.২০২৫-৬১০

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২
৩০ জুন ২০২৫

**বিষয়: জুলাই গণঅভ্যুত্থান স্মরণে অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতার নির্দেশাবলি।**

২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত ছাত্র-জনতার গণঅভ্যুত্থান বাংলাদেশের গণতান্ত্রিক ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এর অংশ হিসেবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগ দেশের সকল জেলা পর্যায়ে তরুণদের অংশগ্রহণে একটি অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ নিয়েছে। এ প্রতিযোগিতার মাধ্যমে স্থানীয় বাস্তবতায় উপযোগী এবং বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী আইডিয়া আহ্বান করা হবে, যার মধ্য দিয়ে তরুণ প্রজন্ম সরাসরি গণঅভ্যুত্থান স্মরণে সম্পৃক্ত হতে পারবে। প্রতিটি জেলার নির্বাচিত আইডিয়া স্থানীয় পর্যায়ে জেলা পরিষদ দ্বারা বাস্তবায়নের মাধ্যমে এ ঐতিহাসিক ঘটনার তাৎপর্য নতুন প্রজন্মের কাছে তুলে ধরা হবে।

**লক্ষ্য:** জুলাইয়ের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণ।

**উদ্দেশ্য:**

- জুলাই গণঅভ্যুত্থানের চেতনায় জাতি গঠনে তরুণদের সরাসরি অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- স্ব স্ব জেলার উপযোগী উদ্ভাবনী এবং বাস্তবায়নযোগ্য আইডিয়া সংগ্রহ;
- জেলা পর্যায়ে গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে কর্মসূচি বাস্তবায়ন।

**প্রতিপাদ্য:** "আমার চোখে জুলাই বিপ্লব"

**আইডিয়া প্রতিযোগিতায় যারা অংশগ্রহণ করতে পারবেন:**

- ১৫ থেকে ৩০ বছর বয়সী তরুণ-তরুণী;
- মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী;
- যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ;
- শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে;
- নারী সদস্যের অগ্রাধিকার নিশ্চিত করতে হবে;

**আইডিয়া জমা দেওয়ার কাঠামো (মানদন্ড):**

- ১-২ পৃষ্ঠার একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজিতে) অবশ্যই উল্লেখ করতে হবে;
- আইডিয়ার শিরোনাম;
- আইডিয়ার ভূমিকা;
- আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব;
- আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে;
- সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা;
- প্রস্তাবের স্বতন্ত্রতা (Uniqueness);
- কাঙ্খিত ফলাফল;
- গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা;
- দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা।

CS CamScanner

**জমা দেওয়ার পদ্ধতি:**

- প্রস্তাব আহবান ও প্রস্তাব দাখিল: ০১-১০ জুলাই ২০২৫;
- প্রস্তাব মূল্যায়ন: ১১ জুলাই ২০২৫;
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রকল্প: ১২ জুলাই ২০২৫;
- প্রস্তাব বাস্তবায়ন: ১৩-৩১ জুলাই ২০২৫;
- আইডিয়া প্রদর্শনী: ০৫ আগস্ট ২০২৫;

**জমাদানের স্থান:**

- নিজ নিজ জেলার জেলা পরিষদের কার্যালয় (অনলাইনে জমা প্রদান করা যাবে)।

**জেলা পর্যায়ে আইডিয়া বাস্তবায়ন কমিটি:**

ক) জেলা প্রশাসক - আহবায়ক
খ) উপ-পরিচালক, স্থানীয় সরকার - সদস্য
গ) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) - সদস্য
ঘ) জেলা ক্রীড়া অফিসার - সদস্য
ঙ) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর - সদস্য
চ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ০২ (দুই) জন সরকারি স্কুল/কলেজের প্রধান - সদস্য
ছ) জেলা শিক্ষা অফিসার - সদস্য
জ) ছাত্র প্রতিনিধি ০২ (দুই) জন (০১ জন পুরুষ ও ০১ জন মহিলা) - সদস্য
ঝ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ - সদস্য-সচিব

- **প্রয়োজনে কমিটির সদস্য কো-অপ্ট করতে পারবে।**

**জেলা পর্যায়ে আইডিয়া বাস্তবায়নের জন্য মূল্যায়ন কমিটি:**

ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ - আহবায়ক
খ) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর - সদস্য
গ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ০১ (এক) জন সরকারি স্কুল/কলেজের প্রধান - সদস্য
ঘ) জেলা শিক্ষা অফিসার - সদস্য
ঙ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত কর্মকর্তা - সদস্য-সচিব

- **প্রয়োজনে কমিটির সদস্য কো-অপ্ট করতে পারবে।**

**মূল্যায়নের মানদন্ড:**

| মানদন্ড | নম্বর |
|---|---|
| আইডিয়ার শিরোনাম | ৫ |
| আইডিয়ার ভূমিকা ও প্রাসঙ্গিকতা (Rationale) | ১০ |
| আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব | ১০ |
| আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের ভূমিকা উল্লেখ করতে হবে | ১০ |
| সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা | ১০ |
| আইডিয়ার স্বতন্ত্রতা (Uniqueness) | ১০ |
| কাঙ্খিত ফলাফল | ১০ |
| গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা | ১০ |
| নিজস্ব সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা | ১০ |
| বাস্তবায়নযোগ্যতা ও স্থায়িত্ব | ১৫ |
| মোট | ১০০ |

CamScanner

**সম্ভাব্য আইডিয়ার উদাহরণ:**

- দেয়ালচিত্র;
- পথনাটক বা মঞ্চনাটক;
- প্রদর্শনী/প্রামাণ্যচিত্র;
- জনসচেতনতামূলক কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য বা পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম;
- উদ্যোক্তা মেলা, স্থানীয় শিল্প প্রদর্শনী;
- স্কিল কম্পিটিশন, প্রতিভা অন্বেষণ;
- বর্জ্য-শূন্য অভিযান;
- গ্রীণ স্কুল (Green School), ক্লিন স্কুল (Clean School) কার্যক্রম;
- জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোনো ধারণা (আইডিয়া)।

**বাস্তবায়ন পদ্ধতি:**

- প্রতিটি জেলার জেলা পরিষদ নির্বাচিত আইডিয়া প্রেরণকারী ব্যক্তি বা দলের সাথে সমন্বয়ের মাধ্যমে আইডিয়াটি বাস্তবায়ন করবে। আইডিয়া বাস্তবায়নের সার্বিক দায়িত্ব জেলা পরিষদের ওপর ন্যস্ত থাকবে এবং জেলা পরিষদের আর্থিক বিধি-বিধান প্রতিপালনপূর্বক ব্যয় নির্বাহ করবেন।

- আইডিয়া বাস্তবায়নে আনুমানিক খরচ সর্বনিম্ন ০১(এক) লক্ষ হতে সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা (**বর্ণিত ব্যয় সীমার মধ্যে এক বা একাধিক আইডিয়া ক্লাস্টার আকারে বাস্তবায়ন করা যাবে**)।

**প্রচার ও প্রচারণা:**

- প্রস্তাব আহবানের বিজ্ঞপ্তি জেলা প্রশাসক/প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন;
- জেলা/স্থানীয় পর্যায়ে বিভিন্ন গণমাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার করতে হবে;
- সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার করতে হবে;
- ওয়েবসাইটে প্রচার করতে হবে।

**প্রতিবেদন প্রেরণ:**

- প্রতিটি জেলা পরিষদ হতে বাস্তবায়িত আইডিয়ার সচিত্র প্রতিবেদন প্রেরণ করতে হবে (সফ্‌ট ও হার্ড কপি);

সুরাইয়া আখতার জাহান
অতিরিক্ত সচিব
ফোন- ০২২২৩৩৮৮৭২৭
E-mail: adminwing@lgd.gov.bd

জেলা পরিষদ
দিনাজপুর
www.zpdinajpur.gov.bd

**জুলাই গণঅভ্যুত্থান স্মরণে অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতা বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ মোঃ রফিকুল ইসলাম
প্রশাসক, জেলা পরিষদ, দিনাজপুর
ও
জেলা প্রশাসক, দিনাজপুর।
স্থান ঃ সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
তারিখ ঃ ০২/০৭/২০২৫ খ্রিষ্টাব্দ।
সময় ঃ বিকাল ৫.০০ টা।

সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর সদস্য সচিব ও প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুরকে দফা ভিত্তিক আলোচ্য সূচি উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয় ঃ

| ক্রম নং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **জেলা পর্যায়ে আইডিয়া বাস্তবায়ন কমিটি সংক্রান্ত:** প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, জেলা পর্যায়ের আইডিয়া বাস্তবায়ন কমিটিতে জেলা প্রশাসক কর্তৃক ০২ (দুই) জন সরকারী স্কুল/কলেজের প্রধানকে মনোনয়ন দিতে হবে এবং ছাত্র প্রতিনিধি হিসেবে একজন পুরুষ ও একজন মহিলা সদস্যকে মনোনয়ন দিতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনা শেষে আইডিয়া বাস্তবায়নের কমিটিতে দিনাজপুর সরকারি কলেজের অধ্যক্ষ এবং দিনাজপুর জিলা স্কুলের প্রধান শিক্ষক মনোনীত হন। এছাড়াও ছাত্র প্রতিনিধি হিসেবে জনাব একরামুল হক আবির ও জনাব সিনথিয়া সারওয়ার শ্রেয়াকে সর্বসম্মতি ক্রমে মনোনীত করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, দিনাজপুর। |
| ০২ | **জেলা পর্যায়ে আইডিয়া বাস্তবায়ন মূল্যায়ন কমিটি সংক্রান্ত:** প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, জেলা পর্যায়ে আইডিয়া বাস্তবায়ন মূল্যায়ন কমিটিতে জেলা প্রশাসক কর্তৃক মনোনিত ০১ (এক) জন কর্মকর্তা এবং সরকারী স্কুল/কলেজের ০১ (এক) জন প্রধানকে মনোনয়ন দিতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনা শেষে জেলা পর্যায়ে জেলা প্রশাসক কর্তৃক মনোনিত ০১ (এক) জন কর্মকর্তা হিসেবে উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর এবং প্রতিষ্ঠান প্রধান হিসেবে দিনাজপুর পলিটেকনিক কলেজের অধ্যক্ষকে সর্বসম্মতি ক্রমে মনোনীত করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, দিনাজপুর। |
| ০৩ | **প্রতিযোগিতায় ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করণ সংক্রান্ত:** প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, মন্ত্রণালয়ের নির্দেশনা মতে যাতে সকল প্রতিষ্ঠানের প্রতিযোগী অংশগ্রহণ করতে পারে সে জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান/সংস্থাকে অবগত/অংশগ্রহণ করাতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনা শেষে সকল শিক্ষা প্রতিষ্ঠান যাতে অংশ গ্রহণ করতে পারে সে বিষয় ব্যবস্থা নেয়ার জন্য জেলা শিক্ষা অফিসারকে দায়িত্ব দেয়া হয়। | জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর। |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।

০২/০৭/২০২৫
(মোঃ রফিকুল ইসলাম)
আহবায়ক
জুলাই গণঅভ্যুত্থান স্মরণে অংশগ্রহণমূলক
আইডিয়া প্রতিযোগিতা বাস্তবায়ন কমিটি
ও
জেলা প্রশাসক, দিনাজপুর।

জেলা পরিষদ
দিনাজপুর
**www.zpdinajpur.gov.bd**

# সংশোধনী বিজ্ঞপ্তি

**বিষয়ঃ জুলাই গণঅভ্যুত্থান স্মরণে অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতা**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে দিনাজপুর জেলার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ৩০ জুন, ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০২৫-৬১০ নং স্মারকপত্রের আলোকে ২০২৪ সালের জুলাইয়ের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে **"আমার চোখে জুলাই বিপ্লব"** প্রতিপাদ্য নিয়ে একটি আইডিয়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের জন্য নির্দেশনাবলী ও শর্তাবলী নিম্নরূপ ঃ

| আইডিয়া প্রতিযোগিতায় যারা অংশগ্রহণ করতে পারবেন | সম্ভাব্য আইডিয়ার উদাহরণ | আইডিয়া জমা দেয়ার কাঠামো (মানদন্ড) | জমা দেওয়ার তারিখ ও জমাদানের স্থান |
|---|---|---|---|
| # ১৫ থেকে ৩০ বছর বয়সী তরুণ-তরুণী;<br># মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী;<br># যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ;<br># শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে;<br># নারী সদস্যদের অগ্রাধিকার প্রদান করা হবে; | # দেয়াল চিত্র;<br># পথনাটক বা মঞ্চ নাটক;<br># প্রদর্শনী/প্রামাণ্যচিত্র;<br># জনসচেতনমূলক;<br># কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য বা পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম;<br># উদ্যোক্তা মেলা স্থানীয় শিল্প প্রদর্শনী;<br># স্কিল কম্পিটিশন/প্রতিভা অন্বেষণ;<br># বর্জ্য-শূণ্য অভিযান;<br># গ্রীন স্কুল (Green School), ক্লিন স্কুল (Clean School) কার্যক্রম;<br># জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোন ধারণা (আইডিয়া); | # ১-২ পৃষ্ঠার একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজীতে) অবশ্যই উল্লেখ করতে হবে;<br># আইডিয়ার শিরোনাম;<br># আইডিয়ার ভূমিকা;<br># আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব;<br># আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে;<br># সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা;<br># প্রস্তাবের স্বতন্ত্রতা (Uniqueness)<br>#কাঙ্খিত ফলাফল;<br># গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা;<br>#দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা; | # আইডিয়া প্রস্তাব জমার দেওয়ার তারিখ ও সময়: ০১-১০ জুলাই, ২০২৫ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।<br># আইডিয়া প্রস্তাব জমার দেওয়ার স্থান: জেলা পরিষদ কার্যালয়, দিনাজপুর।<br># E-mail: zpdinajpur@lgd.gov.bd |

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের নাম, ঠিকানা, শিক্ষা-প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে), মোবাইল নাম্বার ও ইমেইল (যদি থাকে) উল্লেখপূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর বরাবর আগামী ০১-১০ জুলাই, ২০২৫ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে দিনাজপুর জেলা পরিষদ কার্যালয়ে সরাসরি (হার্ডকপি) অথবা ই-মেইলে (পিডিএফ কপি) এর যে কোন ১টি মাধ্যমে প্রস্তাব দাখিল করতে পারবেন।

২/৭/২৫

(মোঃ মোখলেছুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব)
জেলা পরিষদ, দিনাজপুর।
E-mail: zpdinajpur@lgd.gov.bd